বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

আশ্বিন ০১, ১৪২৫
সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৮-১৫ তারিখ ঃ ------------------
সেপ্টেম্বর ১৬, ২০১৮

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**অন্যান্য প্রযোজ্য খাতসহ রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাক-এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি প্রদানের ক্ষেত্রে অডিট ফার্ম নিয়োগ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত সার্কুলার পত্র নং- এফইপিডি(কম)২৯১/২০০২-১৩৬৭, তারিখঃ জুন ০২, ২০০২ ও সার্কুলার পত্র নং-এফইপিডি(রপ্তানি নীতি)২৯১/২০১৪-১৩, তারিখ জুন ২৯, ২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১৮-১৯ অর্থ বছরেও নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকির কেসসমূহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত ও সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক নিয়োজিত অডিট ফার্ম দ্বারা অডিট করানো যাবে। তবে অডিট কার্য দ্রুত সম্পাদনের লক্ষ্যে অতিরিক্ত ফার্ম নিয়োগের প্রয়োজন হলে সে বিষয়ে যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যসহ অডিট ফার্মের সংখ্যা উল্লেখপূর্বক বাংলাদেশ ব্যাংক-এ আবেদন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৬২৫